

৮ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ।

আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, রাজশাহী ও রংপুর অঞ্চলের ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার সম্মাননা ফ্রেস্ট ও সনদ প্রদান অনুষ্ঠান।

প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক রতন চন্দ্র পণ্ডিত (অতিরিক্ত সচিব) মহোদয়ের পক্ষ থেকে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল ও কর্ম পরিকল্পনা বাস্তবায়নে শ্রেষ্ঠত্বের স্বীকৃতিস্বরূপ শুদ্ধাচার পুরস্কার পদকে মনোনীত, রাজশাহী ও রংপুর অঞ্চলের আঞ্চলিক পরিচালকের কার্যালয় ও তার আওতাধীন সাইট অফিস সমূহের কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার সম্মাননা ফ্রেস্ট ও সনদ হস্তান্তর করেন রাজশাহী ও রংপুর অঞ্চলের আঞ্চলিক পরিচালক ড. মোছা: নাহিদ সুলতানা মহোদয়।

শুদ্ধাচার পুরস্কার সম্মাননা ফ্রেস্ট ও সনদ প্রাপ্তরা হলেনঃ- রাজিয়া সুলতানা, কাস্টোডিয়ান, মহাস্থান প্রত্নতাত্ত্বিক জাদুঘর, শিবগঞ্জ, বগুড়া। মোঃ খলিলুর রহমান তালুকদার, সহকারী প্রত্নতাত্ত্বিক প্রকৌশলী, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, বগুড়া। এস.এম.হাসনাত বিন ইসলাম, এসিসট্যান্ট কাস্টোডিয়ান, রংপুর জাদুঘর, তাজহাট জমিদার বাড়ি। (বর্তমানে আঞ্চলিক পরিচালকের কার্যালয়, বগুড়া কর্মরত) মো: আব্দুস সালাম, অফিস সহকারী কাম- কম্পিউটার অপারেটর, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, বগুড়া। নূর মোহাম্মদ, অফিস সহায়ক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, বগুড়া। মো: মোসলেম উদ্দিন, জাদুঘর পরিচারক, রংপুর জাদুঘর, তাজহাট জমিদার বাড়ি। শুদ্ধাচার পুরস্কার সম্মাননা প্রাপ্ত সকলকে রাজশাহী ও রংপুর অঞ্চলের সকল কর্মকর্তা কর্মচারীদের পক্ষ থেকে অভিনন্দন ও শুভেচ্ছা। একই সাথে শুদ্ধাচার পুরস্কারের যাচাই কমিটি, আঞ্চলিক পরিচালক এবং মহাপরিচালক মহোদয়কে ধন্যবাদ।



